



স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮-৭৩০

তারিখঃ ২২/০৭/২০২০ খ্রিঃ

অফিস আদেশ

বিষয়ঃ উন্নয়ন বাজেটের আওতায় জিওবি অর্থায়নে বাস্তবায়নধীন প্রকল্পের দরপত্র ও ভেরিয়েশন সংক্রান্ত নথি নিষ্পত্তি করার ক্ষমতা অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সদর দপ্তর) কে প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আর্থিক ক্ষমতা অর্পন আদেশ (Delegation of Financial Power) অনুসারে উন্নয়ন বাজেটের আওতায় সংস্থা প্রধান ও প্রকল্প পরিচালকগণকে চুক্তি অনুমোদনের আর্থিক ক্ষমতা অর্পন করা হয়েছে। চুক্তি অনুমোদন প্রক্রিয়া ত্বরান্বিত করার লক্ষ্যে পূর্ত কাজের চুক্তি ও ভেরিয়েশন অনুমোদনের পূর্বে সংশ্লিষ্ট অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ নিম্নবর্ণিতভাবে নথি নিষ্পত্তি করবেন:

ক. দরপত্রের নথিঃ

সংশ্লিষ্ট অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ নিজ নিজ অধিক্ষেত্রের সর্বোচ্চ ৩ (তিন) কোটি টাকা মূল্যমানের সমদর পর্যন্ত দরপত্র (Tender) এর নথি নিষ্পত্তি করবেন;

তবে, পল্লী অবকাঠামো উন্নয়ন সেক্টরের আওতাভুক্ত প্রকল্পসমূহের উল্লিখিত মূল্যমান পর্যন্ত দরপত্র (Tender) এর নথি নিষ্পত্তি করবেন অতিরিক্ত প্রধান প্রকৌশলী (আইসিটি ও প্রকিউরমেন্ট)।


খ. ভেরিয়েশনের নথিঃ

নন-টেন্ডার আইটেম ব্যতীত চুক্তিমূল্যের মধ্যে সীমিত থাকা সাপেক্ষে সংশ্লিষ্ট অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ নিজ নিজ অধিক্ষেত্রের সর্বোচ্চ ৩ (তিন) কোটি টাকা মূল্যমানের ভেরিয়েশনের নথি নিষ্পত্তি করবেন;

তবে, পল্লী অবকাঠামো উন্নয়ন সেক্টরের আওতাভুক্ত প্রকল্পসমূহের উল্লিখিত মূল্যমান পর্যন্ত ভেরিয়েশন (Variation) এর নথি নিষ্পত্তি করবেন অতিরিক্ত প্রধান প্রকৌশলী (আইসিটি ও প্রকিউরমেন্ট)।

অন্যান্য সকল দরপত্র ও ভেরিয়েশন সংক্রান্ত নথি উপরোক্ত অর্পন আদেশ অনুসারে নথি নিষ্পত্তিকারী অতিরিক্ত প্রধান প্রকৌশলীর মাধ্যমে নিম্নস্বাক্ষকারীর নিকট উপস্থাপন করতে হবে। উল্লেখ্য বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদনের ক্ষেত্রে ১৪-০৫-২০১৯খ্রিঃ তারিখের স্মারক নং ৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২.০৮-১৫৩ এর নির্দেশনা অনুসরণ করতে হবে।


এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ আব্দুর রশীদ খান)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ০২-৫৮১৫২৮০২
ই-মেইলঃ ce@lged.gov.bd

স্মারক নং- ৪৬.০২.০০০০.৩২১.০৬.০০২.০৮-৭৩০/২(৫)

তারিখঃ ২২/০৯/২০২০ খ্রিঃ

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক (সকল)..... এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৪। উপ-প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলী (সকল), প্রকল্প/ইউনিট, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৫। সিনিয়র সহকারী প্রকৌশলী/সহকারী প্রকৌশলী (সকল), প্রকল্প/ইউনিট, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।


২২.০৯-২০

(মোঃ আবদুস সাত্তার)

নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)

ফোনঃ ০২-৫৫০০৬৭৭৫

মোবাইলঃ ০১৭০৮-১২৩১৩২

ইমেইলঃ xen.procurement@lged.gov.bd